



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/সংস্থা/নথি নং-৫৫/৯২৫


তারিখঃ ০৮/০৮/২০১৬ খ্রিঃ

বিষয় : স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪১তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উদ্‌যাপন প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের নং- ৩৭.০০.০০০০.০৬৫.২৩.০৬৬.১৬-৪০৩; তারিখঃ ০৪ আগষ্ট ২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ১৫ আগষ্ট ২০১৬ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪১তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে “জাতীয় পতাকা অর্ধনমিত রাখা, তাঁর জীবন ও কীর্তির উপর আলোচনা সভা, প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ-নাত্ প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন” করার বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সূত্রে উল্লিখিত স্মারকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

২) সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন দেশের সকল মাদরাসার প্রধানগণকে ১৫ আগষ্ট ২০১৬ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪১তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে তাদের নিজস্ব ব্যবস্থাপনায় “জাতীয় পতাকা অর্ধনমিত রাখা, তাঁর জীবন ও কীর্তির উপর আলোচনা সভা, প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ-নাত্ প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন” করার জন্য অনুরোধ করা হলো। এছাড়া ঐ দিন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে কোনরূপ শ্রেণি কার্যক্রম পরিচালিত হবে না, তবে অনুষ্ঠানসমূহে শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে।


প্রফেসর এ, কে, এম, ছায়েফ উল্যা
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
ও রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৫৮৬১০২১৬


০৮/০৮/২০১৬


প্রাপক : অধ্যক্ষ/সুপার
সকল মাদরাসা।

নং- বামাশিবো/সংস্থা/নথি নং-৫৫/৯২৫(৭)

তারিখঃ ০৮/০৮/২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. সিনিয়র সহকারী সচিব, অধিশাখা-৪ (সমন্বয় ও সংসদ), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. পরীক্ষা নিয়ন্ত্রক/ মাদরাসা পরিদর্শক/ প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট (চ. দা.), কম্পিউটার শাখা, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
(পত্রটি বোর্ডের ওয়েব সাইটে জরুরী ভিত্তিতে প্রকাশ ও প্রচার করার জন্য তাঁকে অনুরোধ করা হলো)
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।


মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪


০৮/০৮/২০১৬